

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

19 SEPTEMBER 2026

7:45—7:55PM

- ১) মাথাপিছু কার্বন নির্গমনের ক্ষেত্রে ভারতের অবদান বিশ্বের গড় হারের অর্ধেকেরও কম বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ ।
- ২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ২০তম রোজগার মেলায় বিভিন্ন সরকারী বিভাগ ও প্রতিষ্ঠানে নিযুক্তি লাভ করা ৫১ হাজারেরও অধিক যুবক-যুবতীকে নিযুক্তিপত্র প্রদান ।
- ৩) সমগ্র রাজ্যে আজ জুবিন দিবস পালন। বরাক উপত্যকায়ও নানা কার্যসূচীর মাধ্যমে জনপ্রিয় শিল্পীকে শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন ।

এবং

- ৪) শিলচর স্পোর্টিং ক্লাবের ৯০তম বর্ষ পূর্তি উপলক্ষ্যে আজ থেকে দু দিনের ওপেন প্রাইজমানী ক্যারাম বোর্ড প্রতিযোগীতা আরম্ভ ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে মাথাপিছু কার্বন নির্গমনের ক্ষেত্রে ভারতের অবদান বিশ্বের গড় হারের অর্ধেকেরও কম । আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত # পরিবেশ ও জলবায়ু গতিশীলতার ভবিষ্যত # শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করে প্রধানমন্ত্রী একথা বলেন । তিনি বলেন উন্নয়নশীল দেশসমূহকে প্রায়শই কার্বন নির্গমনের জন্য দায়ী করা হয় যা প্রকৃত অর্থে উচিত নয় । প্রধানমন্ত্রী আরো বলেন যে প্যারিসে অনুষ্ঠিত কপ-২১ শীর্ষ সম্মেলনের প্রতিশ্রুতি সময়ের পূর্বে সফলভাবে পূরণ করা ভারতই হচ্ছে জি টুয়েন্টি রাষ্ট্রগোষ্ঠীর একমাত্র দেশ । বিগত ১২ বছরে ভারত পরিবেশ সম্পর্কিত প্রতিটি ক্ষেত্রে অসাধারণ প্রগতি লাভ করেছে বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন

----- বাইট -----

প্রধানমন্ত্রী আরো বলেন যে ভারত বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে মিলেমিশে কাজ করেছে এবং আন্তর্জাতিক সৌর মিত্রতা ,বৈশ্বিক জৈব ইন্ধন মিত্রতা , আন্তর্জাতিক বিগ ক্যাট মিত্রতা এবং মিশন লাইফের মতো পদক্ষেপের মাধ্যমে পরিবেশ সুরক্ষার নতুন মান নির্ধারণ করেছে । উল্লেখ্য জাতীয় সবুজ কর্তৃপক্ষ আয়োজিত দুদিনব্যাপী এই সম্মেলনে পরিবেশ বিশেষজ্ঞ , সুপ্রীম কোর্ট ও হাইকোর্টের বিচারপতি তথা জেলা বিচারপতি সহ বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব তথা প্রবীণ আধিকারিকরা অংশগ্রহণ করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ২০তম রোজগার মেলায় বিভিন্ন সরকারী বিভাগ ও প্রতিষ্ঠানে নিযুক্তি লাভ করা ৫১ হাজারেরও অধিক যুবক-যুবতীকে নিযুক্তিপত্র প্রদান করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভাষণপ্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন যে মুক্ত বাণিজ্য চুক্তি দেশের যুবাদের জন্য সুযোগের নতুন দ্বার খুলে দিয়েছে । তিনি বলেন যে এধরনের বাণিজ্য চুক্তি দেশের শিল্পপতিদেরজন্য নতুন অংশীদারিত্ব ও বাজারের পথ খুলে দিয়েছে । দেশের যুবাদের প্রতিভা এবং দক্ষতা সমগ্র বিশ্বের বিশ্বাস অর্জন করেছে বলেও প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

অনুষ্ঠানে অংশ নিয়ে কর্মচারী ,সরকারী দাবী আপত্তি নিষ্পত্তি ও পেনশন দপ্তরের প্রতিমন্ত্রী ড.জিতেন্দ্র সিং বলেন যে রোজগার মেলার মাধ্যমে নিয়োগ সৃষ্টি এবং নিযুক্তির মূল্যায়নে স্বচ্ছভাবে সরকারী নিযুক্তির সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে । তিনি আরো বলেন যে ইউ পি এ সরকারের শাসনকালে তিনটি মূখ্য কেন্দ্রীয় নিযুক্তি সংস্থা - -- ইউ পি এস সি ,এস এস সি এবং আর আর বির মাধ্যমে ৭ লক্ষ ২২ হাজার নিযুক্তির তুলনায় এন ডি এ সরকারের বিগত ১০ বছরের শাসনকালে প্রায় ১০ লক্ষ ৯৬ হাজার নিযুক্তি দেওয়া হয়েছে । নিযুক্তি ব্যবস্থা উন্নত করার জন্য বেশকিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলেও শ্রী সিং জানান ।

উল্লেখ্য দেশের ৪৫ টি স্থানে ২০ তম রোজগার মেলা অনুষ্ঠিত হয় । নবনিযুক্ত প্রার্থীরা কর বিভাগ ,রেল বিভাগ ,গৃহ পরিক্রমা , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ,অর্থ সেবা ,প্রতিরক্ষা সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগে যোগদান করবেন ।

এবারের রোজগার মেলাকে অর্ন্তভুক্ত করে দেশের মোট ১২ লক্ষ ৭৫ হাজার যুবক যুবতী নিযুক্তি পত্র লাভ করেছেন ।

নাগাল্যান্ডের সুমকেডিয়ার নাগা ইউনাইটেড ভিলেজে গতকাল থেকে দুদিন ব্যাপী কার্যসূচীর মাধ্যমে উত্তরপূর্বাঞ্চল শিক্ষা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে । দুদিন ব্যাপী আয়োজিত এই সম্মেলনের মূল বিষয়বস্তু ছিল- ‘ শিক্ষানীতি ২০২০ রূপায়ন #দর্শন , প্রত্যাহ্বান এবং উত্তরপূর্বাঞ্চলের রাজ্য সমূহের জন্য সুযোগ ’। সম্মেলনে উত্তরপূর্বাঞ্চলের রাজ্য সমূহের নীতি নির্মাতা , শিক্ষাবিদ , এবং প্রশাসকরা অংশগ্রহণ করেন । সম্মেলনের অংশগ্রহণ করে আসামের শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু জাতীয় শিক্ষানীতি ২০২০ র গুরুত্বের বিষয়ে আলোকপাত করেন । এই নতুন শিক্ষা নীতি মাতৃভাষা শিক্ষার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করে শিক্ষন পদ্ধতি শক্তিশালী করা সহ ভাষিক পরিচয় সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে শ্রী পেগু মন্তব্য করেন ।

আসামের জনসাধারণের প্রাণের শিল্পী জুবিন গার্গের আজ প্রথম মৃত্যুবার্ষিকী । তাঁর স্মৃতিতে এবং তাঁর সৃষ্টি সম্ভার উদযাপনের উদ্দেশ্যে কলাগুরু আর্টিষ্ট ফাউন্ডেশন , জুবিন গার্গ ন্যাস সহ বিভিন্ন সাংস্কৃতিক প্রতিষ্ঠানের উদ্যোগে শিল্পীর প্রতি শ্রদ্ধা জানাতে রাজ্যজুড়ে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে জুবিন দিবস পালন করা হচ্ছে । এই কার্যসূচীর আজ তৃতীয় দিনে শিল্পীকে শ্রদ্ধা জানাতে সোনাপুরের জুবিন ক্ষেত্রে জনসাধারণের ভীৰ পরিলক্ষিত হয়েছে ।

শিল্পীর প্রতি শ্রদ্ধা জানিয়ে আজ রাজ্য বিজেপির পক্ষ থেকে রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা বশিষ্ঠর অটল বিহারী বাজপেয়ী ভবনে আয়োজিত রক্তদান শিবিরে রক্তদান করেন । মন্ত্রী অশোক সিংহল , বিমল বরা , রামেশ্বর তেলী সহ দলেটের ১৩ জন নেতা কর্মী এই শিবিরে রক্তদান করেন । এই দিবস উপলক্ষে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন যে জুবিন গার্গ রাজ্যের সঙ্গীত ক্ষেত্রে সাগর সম অবদান রেখে গেছেন । কৃতজ্ঞ আসামবাসী সর্বদা জুবিন গার্গকে স্মরণ করবে বলে তিনি মন্তব্য করেন ।

আসাম প্রদেশ কংগ্রেস কমিটি প্রাণের শিল্পীর স্মরণে আজ জুবিন গার্গ স্মৃতি সন্ধ্যার আয়োজন করেছে । আসাম জাতীয় বিদ্যালয় এবং জুবিন গার্গ ন্যাসের উদ্যোগে রাজ্যের জাতীয় বিদ্যালয়গুলোতে শিল্পীর স্মরণে ‘ দিয়া ঘুরাই দিয়া’ সঙ্গীতটি পরিবেশন করা হয় । সারা আসাম ছাত্র সংস্থার উদ্যোগেও প্রিয় শিল্পীর প্রতি শ্রদ্ধা জানিয়ে অনুষ্ঠানের

আয়োজন করা হয় ।গুয়াহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আজ শিল্পীর প্রথম মৃত্যুবার্ষিকীতে প্রদীপ প্রজ্জ্বলন করে শ্রদ্ধা তর্পন করা হচ্ছে ।

বরাক উপত্যকার তিন জেলায় আজ প্রাণের শিল্পী জুবিন গার্গের প্রথম মৃত্যু বার্ষিকীতে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয় । শিলচর আসাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সংস্থার উদ্যোগে আজ জুবিন গার্গের গাওয়া বাংলা ও অসমীয়া সঙ্গীত পরিবেশন করে শিল্পীর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয় এছাড়া সংস্থার সদস্যরা শিল্পীর প্রতিকৃতিতে শ্রদ্ধার্থ্য নিবেদন করে প্রদীপ প্রজ্জ্বলন করেন ।এই সম্পর্কে অধ্যাপক দৃষ্টিরূপা পাটগিরি বলেন -

--

বাইট

শিলচর রাধামাধব কলেজে জুবিন গার্গ স্মরণে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে প্রয়াত শিল্পীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পন ও প্রদীপ প্রজ্জ্বলন করে শিল্পীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় ।

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে এবং হাইলাকান্দি জেলা বিজেপির সহযোগিতায় প্রিয় শিল্পীর স্মরণে রক্তদান শিবিরের আয়োজন করা হয় । হাইলাকান্দির জেলা আয়ুক্ত জয় বিকাশ , বিধায়ক মিলন দাস সহ বহু লোক শিবিরে রক্তদান করেন ।

প্রাণের শিল্পীর প্রতি শ্রদ্ধা জানাতে আজ ডিমা হাসাও জেলা বিজেপি এবং এবং বিজেপি আসাম প্রদেশ কমিটির যৌথ উদ্যোগে হাফলং ডি এস এ তে রক্তদান শিবিরের আয়োজন করা হয়।

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আজ শ্রীভূমি শহরের স্টিমারঘাট প্রাঙ্গণে প্রয়াত সঙ্গীত শিল্পী জুবিন গার্গের প্রথম মৃত্যু বার্ষিকী উপলক্ষ্যে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয় । এছাড়া শিল্পীকে শ্রদ্ধা জানিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয় ।

শিলচর স্পোর্টিং ক্লাবের ৯০তম বর্ষ পূর্তি উপলক্ষ্যে আজ থেকে দু দিনের ওপেন প্রাইজম্যানী ক্যারম বোর্ড প্রতিযোগীতা আরম্ভ হয়েছে ।

ক্লাবের সভাপতি ডক্টর অনুপ কুমার রায়ের পৌরহিত্যে উদ্বোধনী অনুষ্ঠানে শিলচর জেলা ক্রীড়া সংস্থার সভাপতি শিবব্রত দত্ত ,শিলচর স্পোর্টিং ক্লাবের সহ-সভাপতি বাবুল হোড় ও নির্মল দাস প্রমুখ উপস্থিত ছিলেন । প্রদর্শনীমূলক ডাবলস ম্যাচ দিয়ে এই প্রতিযোগীতা শুরু হয় ।

আগামীকাল সন্ধ্যা সাতটায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে প্রতিযোগীতা শেষ হবে ।
